

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

২.৩৩ খুৎবার রুকন, বিষয়বস্তু ও প্রারম্ভিক শব্দাবলি - ১৫৫. খুৎবার মধ্যে খুৎবার অঙ্গ হিসেবে কী কী মৌলিক উপাদান থাকা আবশ্যক?

খুৎবার যেসব মৌলিক উপাদান থাকা আবশ্যক।

- ১. আল্লাহ তাআলার প্রশংসা অর্থাৎ আলহামদুলিল্লাহ, নাহমাদুহু ইত্যাদি বলে খুৎবা শুরু করা।
- ২. আল্লাহর একত্বাদ ও নবীজির রিসালাতের সাক্ষ্য দেওয়া, অর্থাৎ আশহাদু আল্লা ইল্লাল্লাহ্ ও ওয়াশহাদু আন্না মুহাম্মাদার রাস্লুল্লাহ বলা।
- ত. রাসূলুল্লাহ (সা.)-এর উপর দুরূদ শরীফ ও বিশেষ করে দু'আর সময় দর্রদ পড়া।
- ৪. কুরআন কারীম থেকে কিছু আয়াত উদ্ধৃতি দেওয়া।
- ৫. তাকওয়ার উপদেশ দেওয়া, ওয়াজ নসীহত করা। একদল আলেমের মতে, এগুলো খুৎবার রুকন। ইমাম
  শাফেয়ী (র) বলেন- হামদ, দর্রদ ও নসীহত এ তিনটি হলো খুৎবার রুকন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13054

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন